গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোরশেদ সরণি, শের-ই-বাংলা নগর,
আগারগাঁও, ঢাকা-১২০৭
www.betar.gov.bd

জরুরি

স্মারক নম্বর: ১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০৫.২২.৭৪

তারিখ: ৭ ফাল্গুন ১৪২৯
২০ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: **আইসিসি নারী টি-২০ বিশ্বকাপ ক্রিকেট ২০২৩ এর সেমিফাইনাল ও ফাইনাল ম্যাচসমূহের চলতি ধারাবিবরণী টিভি মনিটর দেখে সম্প্রচার।**

সূত্র: বাংলাদেশ বেতার বাণিজ্যিক কার্যক্রমের ০৭/০৮/২০২২ তারিখের পত্র নম্বর-১৫.৫৩.০০০০.১১৪.৫১.১১২.২১-৭৬৮

আগামী ২৩ ফেব্রুয়ারি থেকে আইসিসি নারী টি-২০ বিশ্বকাপ ক্রিকেট ২০২৩ এর সেমিফাইনাল ও ফাইনাল ম্যাচসমূহের চলতি ধারাবিবরণী টিভি মনিটর দেখে বাংলাদেশ বেতার থেকে নিম্নে বর্ণিত তারিখ, সময় ও ফ্রিকোয়েন্সি অনুযায়ী সম্প্রচার হবে।

| ক্র.নং | তারিখ ও বার | প্রকৃতি | দলের নাম | খেলা শুরু | ভেন্যু | ফ্রিকোয়েন্সী |
|---|---|---|---|---|---|---|
| ১. | ২৩-০২-২০২৩ বৃহস্পতিবার | টি-২০ | প্রথম সেমিফাইনাল | সন্ধ্যা ৭:০০টা | নিউল্যান্ডস, কেপটাউন, দক্ষিন আফ্রিকা | বাণিজ্যিক কার্যক্রম, বাংলাদেশ বেতার মধ্যম তরঙ্গ ৬৩০ কি.হা. ও এফএম ১০৪.০ মে.হা. ও ৯০ মে.হা, এবং ওয়েব সাইট www.betar.gov.bd থেকে (লাইভ স্ট্রিমিং) ও বেতার অ্যাপ থেকে ছক অনুযায়ী সরাসরি সম্প্রচার হবে। |
| ২. | ২৪-০২-২০২৩ শুক্রবার | টি-২০ | দ্বিতীয় সেমিফাইনাল | সন্ধ্যা ৭:০০টা | নিউল্যান্ডস, কেপটাউন, দক্ষিন আফ্রিকা | |
| ৩. | ২৬-০২-২০২৩ রবিবার | টি-২০ | ফাইনাল | সন্ধ্যা ৭:০০টা | নিউল্যান্ডস, কেপটাউন, দক্ষিন আফ্রিকা | |

২। খেলার সময়সূচিতে কোনরূপ পরিবর্তন/ বাতিল হলে পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম, বাংলাদেশ ক্রিকেট বোর্ড এর সাথে যোগাযোগপূর্বক যথাসময়ে খেলা প্রচার নিশ্চিত করবেন এবং তিনি বা তাঁর প্রতিনিধি সময়সূচি পরিবর্তন/ বাতিল এর বিষয়ে সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবনকে তাৎক্ষণিকভাবে অবহিত করবেন।

৩। খেলার ধারাবিবরণী সম্প্রচার সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে খেলা শুরুর ১৫ মিনিট পূর্বে চালু হয়ে খেলা প্রচার শেষে বিরত হবে/ নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।

৪। সংশ্লিষ্ট এফএম ফ্রিকোয়েন্সি থেকে সংবাদ, স্থানীয় সংবাদ, যথারীতি প্রচার হবে। রাষ্ট্রীয় অনুষ্ঠানসমূহ (যদি থাকে) সদর দপ্তরের নির্দেশনা অনুযায়ী উপরোক্ত ফ্রিকোয়েন্সিতে সরাসরি সম্প্রচার হবে, তখন প্রয়োজনবোধে খেলার ধারাবিবরণী প্রচার বন্ধ থাকবে।

৫। খেলার ধারাবিবরণী সম্প্রচারকালীন বাণিজ্যিক কার্যক্রম থেকে যথারীতি আযান প্রচারিত হবে।

৬। খেলার ধারাবিবরণী সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার ঢাকা প্রকৌশলগত বিষয়ে প্রয়োজনীয় লোকবল ও সমন্বয়সহ যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন এবং জাতীয় বেতার ভবনের স্টুডিও/ প্রধান নিয়ন্ত্রণ কক্ষে বা সুবিধাজনক স্থানে ডিস সংযোগসহ ০১ (এক) টি টেলিভিশন মনিটর এবং ইন্টারনেট সুবিধাসহ কম্পিউটার সুবিধা দিয়ে খেলা সম্প্রচার বুথের ব্যবস্থা গ্রহণ করবেন এবং উল্লিখিত ফ্রিকোয়েন্সি থেকে খেলা সুষ্ঠুভাবে প্রচার হচ্ছে কিনা তা মনিটর করবেন।

৭। পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম উক্ত খেলা সম্প্রচারের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের পূর্বাহ্ণে দায়িত্ব প্রদান এবং ধারাভাষ্যকারদের বুকিং ও দায়িত্ব প্রদান করবেন।

৮। খেলা সম্প্রচারে সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা একজন উপ-আঞ্চলিক পরিচালক/ সহকারী পরিচালক (অনুষ্ঠান)কে সুনির্দিষ্ট দায়িত্ব প্রদানসহ বাণিজ্যিক কার্যক্রমের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে প্রয়োজনীয় সকল সহযোগিতা প্রদান করবেন।

৯। খেলা সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারী-ধারাভাষ্যকারদের খেলা শুরুর ১(এক) ঘন্টা পূর্বে স্টুডিওতে উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

১০। খেলার ধারাবিবরণী জনপ্রিয় করার লক্ষ্যে পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম নিজস্ব ফ্রিকোয়েন্সি উল্লেখপূর্বক প্রমো/ ঘোষণা নিজস্ব চ্যানেলে এবং ফেসবুক পেইজে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন।

১১। পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম, বাংলাদেশ বেতারের তথা সরকারের রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে খেলার মাঝে প্রচার উপযোগী বিজ্ঞাপন/ স্পন্সর সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়াও পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম টুর্নামেন্টের প্রতিটি ম্যাচ সার্বক্ষণিক তত্ত্বাবধানপূর্বক মনিটরিং রিপোর্ট ও প্রচার প্রতিবেদন (সংশ্লিষ্ট ফ্রিকোয়েন্সিসমূহের) সাপ্তাহিক ভিত্তিতে এবং পরিচালক, বাণিজ্যিক কার্যক্রমকে উল্লিখিত টুর্নামেন্ট থেকে বিজ্ঞাপন আয়ের তথ্যাদি ও টুর্নামেন্টের ম্যাচসমূহের প্রচার প্রতিবেদন সদর দপ্তরের অনুষ্ঠান শাখায় টুর্নামেন্ট শেষ হবার ১ (এক) সপ্তাহের মধ্য প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।

১২। ক্রিকেট ম্যাচসমূহ জনপ্রিয় করার লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিটের স্ব স্ব ফ্রিকোয়েন্সি উল্লেখপূর্বক ব্যাপকভাবে প্রমো প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউনিট প্রধানদের নির্দেশনা প্রদান করা হলো।

১৩। উল্লিখিত খেলার ধারাবিবরণী যথাযথভাবে সম্প্রচারের জন্য পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম, সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন এবং পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকার নিকট পূর্বাহ্ণে খেলা/ বিজ্ঞাপনের কিউশিট সরবরাহ নিশ্চিত করবেন।

১৪। উল্লিখিত ক্রিকেট টুর্নামেন্টের ওপর নিয়মিত প্রতিবেদন জাতীয় ও স্থানীয় সংবাদে প্রচারের জন্য যথাক্রমে পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, ঢাকা এবং সংশ্লিষ্ট আঞ্চলিক/ উপ-বার্তা নিয়ন্ত্রকগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৫। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার, সদর দপ্তর এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

২০-২-২০২৩
মোঃ ছালাহ উদ্দিন
উপমহাপরিচালক (অনুষ্ঠান)

পরিচালক,বাণিজ্যিক কার্যক্রম, বাংলাদেশ বেতার,
আগারগাঁও, ঢাকা।

ফোন: ০২-৪৪৮১৩১৮১
ইমেইল:
betarddgprogram@gmail.com

স্মারক নম্বর: ১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০৫.২২.৭৪/১(১২)

তারিখ: ৭ ফাল্গুন ১৪২৯
২০ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) সভাপতি, বাংলাদেশ ক্রিকেট বোর্ড, মিরপুর, ঢাকা।

২) অতিরিক্ত মহাপরিচালক (বার্তা)/ প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।

৩) পরিচালক/ সিনিয়র প্রকৌশলী, বাংলাদেশ বেতার ঢাকা/ জাতীয় বেতার ভবন, আগারগাঁও ঢাকা।

৪) অতিরিক্ত প্রধান প্রকৌশলী/সিনিয়র প্রকৌশলী/ আবাসিক প্রকৌশলী, মহাশক্তি প্রেরণ কেন্দ্র বাংলাদেশ বেতার ধামরাই/ গবেষণা ও গ্রহণ কেন্দ্র, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)/বাংলাদেশ বেতার সদর দপ্তর/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১ ও ২ সাভার, ঢাকা/ উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৩, নওয়াপাড়া, যশোর/ উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৪, কালুরঘাট, চট্টগ্রাম/ উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৫, কাহালু, বগুড়া/ বাংলাদেশ বেতার, আগ্রাবাদ, চট্টগ্রাম।

৫) পরিচালক, বাংলাদেশ বেতার চট্টগ্রাম/বাণিজ্যিক কার্যক্রম/লিয়াজোঁ/কেন্দ্রীয় বার্তা সংস্থা আগারগাঁও, ঢাকা।

৬) আঞ্চলিক পরিচালক/আঞ্চলিক প্রকৌশলী/আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, খুলনা/রাজশাহী/রংপুর/সিলেট/বরিশাল/ঠাকুরগাঁও/ কক্সবাজার/রাঙামাটি/বান্দরবান/কুমিল্লা/গোপালগঞ্জ/ময়মনসিংহ/ ট্রান্সক্রিপশন সার্ভিস (ট্রাফিক সম্প্রচার কার্যক্রমের দায়িত্বে) ও বেতার প্রকাশনা দপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা।

৭) স্টেশন প্রকৌশলী, ট্রান্সক্রিপশন সার্ভিস, আগারগাঁও, ঢাকা/ নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা।

৮) মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে)।

৯) সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতিকল্পে)।

১০) অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা। (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতি কল্পে)।

১১) উপ-মহাপরিচালক অনুষ্ঠান ১ ও ২ এর একান্ত সহকারী বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (উপ-মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে)।

১২) নথি।

২০-২-২০২৩
সায়েদ মোস্তফা কামাল
পরিচালক (অনুষ্ঠান) বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা। ফোন: ০২-৪৪৮১৩০৭৪